# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 26 June, 2025

রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবন ঘিরে রেখেছে আইনশৃঙ্খলা বাহিনী।বৃহস্পতিবার (২৬ জুন) দুপুরের পর থেকে ভবনে প্রবেশ ও বের হওয়া বন্ধ করে দেওয়া হয়েছে।

এনবিআরের সদস্য খালিদ আহম্মেদ বিষয়টি নিশ্চিত করে জানান,

"আন্দোলনের কারণে চলাচলে নিয়ন্ত্রণ আনা হয়েছে।"

বেলা ১২টার পর থেকে রাজস্ব ভবনের দুটি প্রধান গেটে পুলিশ ও সেনাবাহিনীর সদস্য মোতায়েন করা হয় বলে জানিয়েছেন একাধিক কর্মকর্তা।কেউ ভবনে প্রবেশ কিংবা বাইরে যেতে পারছেন না।এতে সেবাপ্রার্থী, সাংবাদিক ও কর্মকর্তারা দুর্ভোগে পড়েছেন।

জানা গেছে, চেয়ারম্যানের অপসারণ ও এনবিআরের কাঠামোগত সংস্কারের দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন কর্মকর্তারা।আজও ভবনে সমবেত হয়ে কলমবিরতি পালন করছেন তারা।

অভিযোগ উঠেছে, আন্দোলন ঠেকাতেই এই অবরুদ্ধ অবস্থার সৃষ্টি করা হয়েছে। তবে এনবিআর বা আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো ব্যাখ্যা পাওয়া যায়নি।

জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর খালিদ আহম্মেদ আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:47

URL: https://timestodaybd.com/national/3743518829